# আজকের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স - ০৫ নভেম্বর ২০২৫ | Bengali Current Affairs Today - 05 November 2025

নমস্কার বন্ধুরা, প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য আজকের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্সগুলি নিচে বিস্তারিতভাবে আলোচনা করা হলো। এই তথ্যগুলি আপনাদের পরীক্ষ প্রস্তুতিতে বিশেষভাবে সাহায্য করবে।

## আজকের বাংলা কারেন্ট অ্যাফেয়ার্স

### ফরাসি সরকারের সম্মান পেলেন সুনীলকান্ত মুঞ্জাল

ফ্রান্স সরকারের মর্যাদাপূর্ণ নাগরিক সম্মান 'শেভালিয়ের ডে ল'অর্দ্রে ন্যাশনাল ডু মেরিট' **(Chevalier de l'Ordre national du Mérite)** দ্বারা সম্মানিত হলেন সুনীলকান্ত মুঞ্জাল

- সম্মানের কারণ: ভারত ও ফ্রান্সের মধ্যে সহযোগিতা এবং সম্পর্ক বৃদ্ধিতে তাঁর অবদানের জন্য এই সম্মাননা প্রদান করা হয়েছে।
- পরিচয়: সুনীলকান্ত মুঞ্জাল বর্তমানে হিরো এন্টারপ্রাইজের চেয়ারম্যান পদে নিযুক্ত আছেন।

---

### ভারতীয় মানক ব্যুরো (BIS)-এর নতুন ডিরেক্টর জেনারেল

সঞ্জয় গর্গ ভারতীয় মানক ব্যুরো (Bureau of Indian Standards – BIS)-এর নতুন ডিরেক্টর জেনারেল হিসেবে নিযুক্ত হয়েছেন।

- তিনি প্রমোদ কুমার তিওয়ারির স্থলাভিষিক্ত হয়েছেন।
- **BIS**-এর কার্যবলী: এই সংস্থার প্রধান কাজ হলো বিভিন্ন পণ্যের জন্য মান **(Standard)** নির্ধারণ করা, আইএসআই **(ISI)** মার্ক প্রদান করা এবং সোনা ও রুপোর উপর হলমার্ক দেওয়া।
- মন্ত্রণালয়: এই সংস্থাটি ভোক্তা বিষয়ক, খাদ্য ও পাবলিক ডিস্ট্রিবিউশন মন্ত্রকের **(Ministry of Consumer Affairs, Food & Public Distribution)** অধীনে কাজ করে।

---

### রিসার্চ ডেভেলপমেন্ট অ্যান্ড ইনোভেশন যোজনা

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দ্বারা ৩ নভেম্বর ২০২৫-এ নয়াদিল্লিতে লঞ্চ করা রিসার্চ ডেভেলপমেন্ট অ্যান্ড ইনোভেশন যোজনার বাজেট হলো ₹১ লক্ষ কোটি

- উদ্দেশ্য: প্রাইভেট সেক্টরে গবেষণা ও উদ্ভাবনকে **(Research and Innovation)** উৎসাহিত করা এবং বেসরকারি বিনিয়োগ বৃদ্ধি করা।
- বাস্তবায়নকারী সংস্থা: এই যোজনাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ **(Department of Science and Technology – DST)** দ্বারা বাস্তবায়িত হবে।
- ফান্ডিং নিয়ন্ত্রণ: এই যোজনার ফান্ডিং নিয়ন্ত্রণ করবে অনুসন্ধান ন্যাশনাল রিসার্চ ফাউন্ডেশন **(NRF)**

## বিগত দিনের কারেন্ট অ্যাফেয়ার্স রিভিশন

- ২০২৫ মহিলা ক্রিকেট বিশ্বকাপ: প্লেয়ার অফ দ্য সিরিজ-এর খেতাব পেয়েছেন দীপ্তি শর্মা।
- ওয়ার্ল্ড জাস্টিস প্রজেক্ট রুল অফ ল ইনডেক্স: এই সূচকে ভারতের স্থান ৮৬তম।
- তানজানিয়ার নতুন রাষ্ট্রপতি: সামিয়া সুলুহু হাসান।
- রোহন বোপান্না: সম্প্রতি অবসর ঘোষণা করা রোহন বোপান্না টেনিস খেলার সাথে যুক্ত ছিলেন।

pesha.in